



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫.১১.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আয়কর মেলা ২০১৭ অনুষ্ঠিত

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর অঞ্চল বরিশালের উদ্যোগে প্রথমবারের মত বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল আয়কর মেলা ২০১৭। অদ্য ১৫ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে দিনব্যাপি এ মেলার উদ্বোধন করেন কর অঞ্চল বরিশালের অতিরিক্ত কর কমিশনার জনাব মোঃ আবুল বাসার আকন। এসময় আরও উপস্থিত ছিলেন যুগ্ম-কর কমিশনার জনাব মোহাম্মদ নাস্তিমুর রসুল, বিশ্ববিদ্যালয়ের জীবিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম, বরি শিক্ষক সমিতির নব-নির্বাচিত সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিল্যান্স এন্ড ব্যাকিং বিভাগের চেয়ারম্যান ইব্রাহীম মোল্লা, অর্থ ও হিসাব শাখার পরিচালক মোঃ আশরাফ উদ্দীন, শিক্ষক সমিতির বর্তমান সভাপতি মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ফাতেমা-তুজ-জোহরা, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুব্রত কুমার বাহাদুরসহ অন্যান্যরা। দিনব্যাপি অনুষ্ঠিত এ মেলায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ স্বতঃস্ফূর্ত ভাবে অংশ নিয়ে তাদের রিটার্ন দাখিল করেন। মেলার সমাপনী পর্বে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর অঞ্চল বরিশালের সম্মানিত কর কমিশনার মোঃ জাহিদ হাচান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রষ্ঠর, শিক্ষক সমিতির সভাপতি, শিক্ষকবৃন্দ, পরিচালক (অর্থ ও হিসাব), উপ-পরিচালক (অর্থ ও হিসাব), উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সহকারী রেজিস্ট্রার), সহকারী রেজিস্ট্রার (প্রটোকল ও লিয়াজো), অর্থ ও হিসাব শাখার সহকারী পরিচালকবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস